উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভা

স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিগঞ্জ, গাজীপুর

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা, তারিখ ঃ ২৭/০২/২০২৪ খ্রিঃ।

সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর

| ক্র. নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | ডাঃ মোঃ ইউসুফ হাবিব | উপজেলা প্রাণিসম্পদ অফিসার | স্বাক্ষরিত |
| ২. | মোঃ আবু সামা | উপজেলা মৎস্য অফিসার | স্বাক্ষরিত |
| ৩. | ইসরাত জাহান | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | স্বাক্ষরিত |
| ৪. | আবুল কালাম আজাদ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার | স্বাক্ষরিত |
| ৫. | ফারজানা তাসলিম | উপজেলা কৃষি অফিসার | স্বাক্ষরিত |

অদ্যকার সভার সভাপতি উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আজিজুর রহমান উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি মহোদয় উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কালীগঞ্জ, গাজীপুরকে সভার আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা শুরু করার অনুরোধ জানান। সদস্য সচিব তার উপস্থাপনায় প্রণোদনা কার্যক্রমের উদ্দেশ্য ও গুরুত্ব তুলে ধরেন। অতঃপর সভায় সদস্যগণের বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্র.নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১.</td><td>সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কালীগঞ্জ, গাজীপুর জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির ২৭/০২/২০২৪ খ্রিঃ তারিখের ২২৬(১২) স্মারকের সভার কার্যবিবরণীর উল্লেখযোগ্য অংশ পাঠ করে শুনান। আলোচনাকালে তিনি জানান যে, কালীগঞ্জ উপজেলায় ২০২৩-২৪ অর্থবছরে খরিফ-১/২০২৪-২৫ মৌসুমে পাট উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র, প্রান্তিক ও মাঝারি কৃষকদের মাঝে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় সর্বোচ্চ ১ বিঘা জমির জন্য বিনামূল্যে বীজ প্রদানের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে। এর মধ্যে ১০০ জন কৃষক, প্রতি কৃষক ০১ (এক) বিঘা জমির জন্য বিনামূল্যে ০১ (কেজি) পাট বীজ পাবেন। পাট চাষে আগ্রহী এবং আবাদী জমি আছে এমন কৃষকগণই প্রণোদনা সহায়তা পাবেন। পাট আবাদ পরিস্থিতির উপর ভিত্তি করে উক্ত বরাদ্দ ইউনিয়ন ভিত্তিক নিম্নবর্ণিত ভাবে বিভাজন দেয়া হলো।
<table>
<tr><th rowspan="2">ক্র নং</th><th rowspan="2">ইউনিয়ন/ পৌরসভা</th><th>ফসল ভিত্তিক বিভাজন সংখ্যা ও বিঘায়</th><th rowspan="2">মন্তব্য</th></tr>
<tr><th>পাট</th></tr>
<tr><td>১</td><td>পৌরসভা</td><td>১৫ জন</td><td></td></tr>
<tr><td>২</td><td>বাহাদুরসাদী</td><td>১০ জন</td><td></td></tr>
<tr><td>৩</td><td>জামালপুর</td><td>১৫ জন</td><td></td></tr>
<tr><td>৪</td><td>জাঙ্গালিয়া</td><td>১০ জন</td><td></td></tr>
<tr><td>৫</td><td>বক্তারপুর</td><td>১৫ জন</td><td></td></tr>
<tr><td>৬</td><td>মোক্তারপুর</td><td>১০ জন</td><td></td></tr>
<tr><td>৭</td><td>তুমুলিয়া</td><td>১৫ জন</td><td></td></tr>
<tr><td>৮</td><td>নাগরী</td><td>১০ জন</td><td></td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>১০০ জন</td><td></td></tr>
</table>
সভাপতি মহোদয় উপরে বর্ণিত বিভাজন অনুযায়ী বরাদ্দ প্রদানের পরামর্শ দেন।</td><td>রোডম্যাপ ও পত্রের নীতিমালার আলোকে প্রণোদনা কার্যক্রম খরিপ-১/২০২৪-২৫ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কালীগঞ্জ, গাজীপুর।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td>পুনর্বাসন কার্যক্রমের আর্থিক ব্যয় বিভাজন
<table>
<tr><th rowspan="2">উপজেলার নাম</th><th rowspan="2">বীজ ৩২৫১১০৯</th><th colspan="3">অন্যান্য-৩৬৩১১৯৯</th><th rowspan="2">সর্বমোট</th></tr>
<tr><th>পরিবহন</th><th>আনুসঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয়</th><th>মোট অন্যান্য ব্যয়</th></tr>
<tr><td>কালীগঞ্জ</td><td>২২০০০/-</td><td>১৫০/-</td><td>১০০/-</td><td>২৫০/-</td><td>২২২৫০/-</td></tr>
</table></td><td></td><td></td></tr>
<tr><td>২.</td><td>সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা আগামী ০৫/০৩/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে কৃষক নির্বাচন করে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি তথা সদস্য সচিব বরাবর প্রেরণ করবেন। সভায় সভাপতি মহোদয় জানান যে, প্রকৃত কৃষক নির্বাচন করতে হবে এবং উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক প্রকৃত কৃষক যাচাই বাছাই করা হবে। সদস্য সচিব মহোদয় জানান যে, সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তাগণ এ কর্মসূচীর জন্য মনোনীত প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি উপকরণ কার্ডের ভর্তূকী অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। মাষ্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের নাম, ঠিকানা, মোবাইল নং, জাতীয় পরিচয়পত্র নং, কৃষকের স্ট্যাম্প সাইজের ছবি যুক্ত করে সংরক্ষণ করতে হবে। বিতরণ কার্যক্রম উপজেলা সদর থেকে বিতরণ করা হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন। একজনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষকগণের স্বাক্ষর/টিপসহি গ্রহণ করবেন, ইউপি চেয়ারম্যান/মেম্বার, উপসহকারী কৃষি কর্মকর্তা ও উপজেলা কৃষি অফিসার স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক মনোনীত কর্মকর্তা (উপজেলা মৎস্য অফিসার) এতে প্রতিস্বাক্ষর করবেন। সদস্য সচিব মহোদয় সভায় আরও জানান যে, কৃষক প্রতি এক বিঘা জমিতে চাষ করার জন্য ০১ কেজি পাট বীজ পাবেন।</td><td>যথাযথ আর্থিক বিধি বিধান পালনপূর্বক স্বচ্ছতার সাথে কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>ইউনিয়ন কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।</td></tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
(মোঃ আজিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কালীগঞ্জ, গাজীপুর।

স্মারক নং- ১২.১৮.৩৩৩৪.০৪১.১৪.০৩৭.১৫. ১২৫ তারিখঃ ২৭/০২/২০২৪ ইং

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি ঃ

১। জেলা প্রশাসক, গাজীপুর।
২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাজীপুর।
৩। . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কালীগঞ্জ,গাজীপুর।
৪। অফিস নথি।

স্বাঃ/-
(ফারজানা তাসলিম)
সদস্য সচিব
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
কালীগঞ্জ, গাজীপুর।